গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
জীবন বীমা ভবন
১০, দিলকুশা, বা/এ,ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং- ৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫৪.২৫-৫২৬ তারিখ: ৬০ কার্তিক ১৪৩২ / ১৫ নভেম্বর ২০২৬

আদেশ

জনাব মো: আমিনুল ইসলাম আকন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে যুব উন্নয়ন অধিদপ্তর, হিজলা, বরিশাল কার্যালয়ে কর্মরত আছেন। একই জেলাধীন বাকেরগঞ্জ উপজেলায় তার কর্মকালীন ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সমাপ্তি ঘটে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচির সমাপ্তিতে ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী বাকেরগঞ্জ উপজেলায় সুবিধা ভোগিদের সঞ্চয়ের টাকার উপর মোট ৮,৫৪,০০৬/৮০ (আট লক্ষ চুয়ান্ন হাজার ছয় টাকা আশি পয়সা) টাকা সুদ জমা হয়, যা প্রত্যেক সুবিধাভোগিকে ৯২০/- (নয়শত বিশ) টাকা করে প্রদান করার প্রমাণক হিসেবে তিনি ভুয়া মাস্টার রোল প্রস্তুত করেন। তদন্ত কমিটি দৈবচয়নভিত্তিতে কতিপয় সুবিধাভোগিদের ফোন করে টাকা প্রদানের সঠিকতা যাচাই করেন। টেলিফোন আলাপের ভিত্তিতে কোনো সুবিধাভোগী উক্ত অর্থ পায়নি মর্মে তদন্ত কমিটির নিকট নিশ্চিত করেন। প্রকৃত পক্ষে প্রস্তুতকৃত মাস্টার রোল সঠিক নয় মর্মে প্রমাণিত হয়। উক্ত ভুয়া মাস্টার রোলে প্রস্তুতে তিনি সক্রিয় ভূমিকা পালন করেন এবং প্রস্তুতকৃত মাস্টার রোলের মাধ্যমে উত্তোলিত অর্থ যোগসাজশে আত্মসাত করেন। উত্থাপিত অভিযোগের প্রেক্ষিতে পরবর্তীতে বাকেরগঞ্জ উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার মাধ্যমে সমুদয় অর্থ গত ১৪-০২-২০২৪ খ্রি. তারিখ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়; বর্ণিত অভিযোগে অত্র দপ্তরের গত ০১-০১-২০২৬ খ্রি. তারিখের ৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫৪.২৫-০৫ সংখ্যক স্মারকে জনাব মো: আমিনুল ইসলাম আকন-এর বিরুদ্ধে বিভাগীয় মামলা চালু করা হয়;

যেহেতু, উক্ত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের বিষয়ে তিনি লিখিত জবাব দাখিল করেন। জবাবে ব্যক্তিগত শুনানি দিতে আগ্রহ প্রকাশ না করায় তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়নি। তার প্রদত্ত জবাব ও নথি পর্যালোচনায় অভিযোগসমূহ অধিকতর তদন্তের প্রয়োজন হওয়ায় বিধি মোতাবেক বিভাগীয় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। সে মোতাবেক তদন্ত কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন। প্রাপ্ত প্রতিবেদনে অভিযোগ প্রমাণিত হয়নি এবং ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী সমুদয় অর্থ চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে বিধায় সরকারের কোনো আর্থিক ক্ষতি সাধিত হয়নি মর্মে তদন্ত প্রতিবেদনে উল্লেখ রয়েছে;

যেহেতু, তদন্তে অভিযোগ প্রমাণিত হয়নি এবং জড়িত সমুদয় অর্থ ইতোমধ্যে সরকারি কোষাগারে জমা হয়েছে বিধায় জনাব মো: আমিনুল ইসলাম আকন-এর বিরুদ্ধে বিভাগীয় মামলার সূচিত কার্যধারাটি অগ্রসর হওয়ার মতো উপযুক্ত উপাদান বিদ্যমান না থাকায় বিভাগীয় মামলাটি নিষ্পত্তিযোগ্য;

সেহেতু, এক্ষণে যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল জেলাধীন হিজলা উপজেলার সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জনাব মোঃ আমিনুল ইসলাম আকন-কে রুজুকৃত বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো।

১২.১১.২০২৬
(মোঃ মোতাহার হোসেন)
মহাপরিচালক
ফোন : ২২৩৩৮৯৩৮৯।

নং- ৩৪.০১.০০০০.০০৭.২৭.০৫৪.২৫-৫২৬ তারিখ: ৬০ কার্তিক ১৪৩২ / ১৫ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি / অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। পরিচালক----------(সকল) ,মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০২। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বরিশাল।
০৪। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন-৩), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধসহ।
০৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, হিজলা, বরিশাল / বাকেরগঞ্জ, বরিশাল (বিষয়টি সংশ্লিষ্ট কর্মকর্তাকে অবহিত করার অনুরোধসহ)।
০৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
০৮। পরিচালক (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৯। জনাব মোঃ আমিনুল ইসলাম আকন, সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,যুব উন্নয়ন অধিদপ্তর, হিজলা, বরিশাল।

(শহিদুল ইসলাম) ১৫.১১.২৬
সহকারী পরিচালক (প্রশাসন-৪)
যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।

Shahidul/E/Realse-769